# জকসু নির্বাচন স্থগিত, বিক্ষোভে উত্তাল জগন্নাথ বিশ্ববিদ্যালয়



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) নির্বাচন হঠাৎ স্থগিত ঘোষণার প্রতিবাদে ক্যাম্পাসজুড়ে বিক্ষোভে নেমেছেন শিক্ষার্থীরা। প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নিয়ে নানা স্লোগানে উত্তাল হয়ে ওঠে জবি প্রাঙ্গণ।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাওয়া জকসু নির্বাচন স্থগিত করায় তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন শিক্ষার্থীরা। মঙ্গলবার (৩০ ডিসেম্বর) সকাল ৯টার দিকে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভা শেষে নির্বাচন স্থগিতের সিদ্ধান্ত জানানো হলে তাৎক্ষণিকভাবে প্রতিবাদে ফেটে পড়েন তারা।

ভাস্কর্য চত্বর থেকে বিক্ষোভ মিছিল শুরু করে শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের সামনে জড়ো হন। সেখানে তারা ‘জকসু আমার অধিকার’, ‘টালবাহানা চলবে না’, ‘নির্বাচন দিতে হবে আজই’—এমন নানা স্লোগান দিতে থাকেন। পরিস্থিতি একপর্যায়ে উত্তাল হয়ে ওঠে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, সকাল সাড়ে ৮টা থেকে জকসু নির্বাচনের ভোটগ্রহণ শুরু হওয়ার কথা ছিল। তবে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে জরুরি সিন্ডিকেট সভা ডাকে প্রশাসন। সভা শেষে উপাচার্য অধ্যাপক ড. রেজাউল করিম জকসু নির্বাচন স্থগিতের ঘোষণা দেন।

উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর এই প্রথম জকসু নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। নির্বাচন কমিশনের তথ্যমতে, এ নির্বাচনে মোট ১৬ হাজার ৬৪৫ জন শিক্ষার্থী ভোটাধিকার প্রয়োগ করার কথা ছিল। হঠাৎ সিদ্ধান্তে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক ক্ষোভ ও হতাশা বিরাজ করছে।